গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সহকারী পরিচালক, ঝিনাইদহ জেলা কার্যালয়, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর

এবং

উপপরিচালক, খুলনা বিভাগীয় কার্যালয়, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর-এর মধ্যে

স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২২ - জুন ৩০, ২০২৩

## সূচিপত্র

জেলা / সার্কেল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: জেলা / সার্কেল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: জেলা / সার্কেল অফিসের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১১

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১২

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৩

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৪

## জেলা / সার্কেল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the District/Circle Office)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

ভোক্তা-অধিকার বিষয়ে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে ২০১৯-২০২০ অর্থ বছরে ৮৬১১টি, ২০২০-২০২১ অর্থ বছরে ৮৬৫৩টি এবং ২০২১-২০২২ অর্থ বছরে ৮৩৯০টি লিফলেট, প্যাম্পলেট ও ক্যালেন্ডার বিতরণ করা হয়েছে। ভোক্তা-অধিকার বিরোধী কার্য প্রতিরোধের লক্ষ্যে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর অধীনে ঝিনাইদহ জেলাতে মোবাইল টিম কর্তৃক ২০১৯-২০২০ অর্থ বছরে ১৬৮টি বাজার তদারকির মাধ্যমে ১৭০২৫০০/- (সতেরো লক্ষ দুই হাজার পাঁচশত) টাকা, ২০২০-২০২১ অর্থ বছরে ১৭০টি বাজার তদারকির মাধ্যমে ১৯৬৩৯০০/- (উনিশ লক্ষ তেষট্টি হাজার নয়শত) টাকা এবং ২০২১-২০২২ অর্থ বছরে ১৫ জুন ২০২২ তারিখ পর্যন্ত ৯৯টি বাজার তদারকির মাধ্যমে ১১৩৬৭০০/- (এগারো লক্ষ ছত্রিশ হাজার সাতশত) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়েছে। বিগত ২০১৯-২০২০ অর্থবছরে অভিযোগ পাওয়া গিয়েছে ৩৭টি, অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে ৩৭টি ও অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ৪৮০০০/- (আটচল্লিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায়; ২০২০-২০২১ অর্থবছরের অভিযোগ পাওয়া গিয়েছে ৮১টি, অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে ৮১টি ও অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ৯৯০০০/- (নিরানব্বই হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ২০২১-২০২২ অর্থবছরের ১৫ জুন ২০২২ তারিখ পর্যন্ত অভিযোগ পাওয়া গিয়েছে ৭৯টি, অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে ৩৮ টি এবং তদন্তাধীন ০৪টি, অবশিষ্ট ৩৭টি ই-কমার্স সংক্রান্ত অভিযোগ মহামান্য আদালতের বিচারাধীন থাকায় অভিযোগগুলো পৃথক করে রাখা হয়েছে। এছাড়া অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ১৪০০০/- (চৌদ্দ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়েছে। ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ৭৬(৪) ধারায় ০১ জুলাই ২০১৯ হতে ১৫ জুন ২০২২ তারিখ পর্যন্ত আদায়কৃত জরিমানার ২৫% প্রণোদনা হিসেবে মোট ১৬ জন অভিযোগকারীকে ৪০২৫০/- (চল্লিশ হাজার দুইশত পঞ্চাশ) টাকা প্রদান করা হয়েছে। ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ প্রচারের লক্ষ্যে ঝিনাইদহ জেলা ও উপজেলায় ৪১টি সচেতনতামূলক সভার পাশাপাশি ২২ টি সেমিনার আয়োজন করা হয়েছে। ভোক্তাদের অভিযোগ গ্রহণের লক্ষ্যে জেলা কার্যালয়ে অভিযোগ বক্স স্থাপন করা হয়েছে। ঝিনাইদহ জেলা ও এর আওতাধীন ০৬টি উপজেলার মধ্যে সদর উপজেলা ব্যতীত সকল উপজেলায় প্রতি বছর ১৫ মার্চ বিশ্ব ভোক্তা-অধিকার দিবস উদযাপন করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন-২০০৯' সম্পর্কে ঝিনাইদহ জেলার সকল জনগণকে সচেতন ও অবহিতকরণ, ভোক্তাদের ই-কমার্স বিষয়ে সচেতনতার অভাবে ই-কমার্স সম্পর্কিত অভিযোগ বৃদ্ধি এবং ভোক্তা অধিকার বিরোধী কার্য প্রতিরোধে বাজার তদারকি/অভিযান পরিচালনার অন্যান্য সংস্থার সাথে সমন্বয় সাধন।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

'ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন-২০০৯' ও ই-কমার্স বিষয়ে জনগণকে সচেতন করার জন্য প্রচারণামূলক কার্যক্রম জোরদার, প্রাপ্ত অভিযোগসমূহ দ্রততম সময়ের মধ্যে নিষ্পত্তি এবং বাজার তদারকি/অভিযান পরিচালনার অন্যান্য সংস্থার সাথে সমন্বয় আইনের সুফল দেশের সকল মানুষের নিকট পৌঁছে দেয়া।

**২০২২-২৩ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ঝিনাইদহ জেলায় ১৩০ টি বাজার তদারকি কার্যক্রম;
- ২০ লক্ষ টাকা জরিমানা আরোপ ও আদায়;
- ০৫ টি সেমিনার আয়োজন;
- ৪৮০০ লিফলেট, ৩৩০০ প্যাম্পলেট বিতরণ;
- ১৫ মার্চ বিশ্ব ভোক্তা-অধিকার দিবস উদযাপন;
- ১২ টি সচেতনতামূলক সভা আয়োজন এবং
- প্রাপ্ত ৬০% অভিযোগ দ্রুততম সময়ে নিষ্পত্তি।

## প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

সহকারী পরিচালক, ঝিনাইদহ জেলা কার্যালয়, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর

এবং

উপপরিচালক, খুলনা বিভাগীয় কার্যালয়, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর-এর মধ্যে ২০২২ সালের ................. মাসের ................. তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## জেলা / সার্কেল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

ভোক্তা-অধিকার নিশ্চিতকরণ।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর কার্যকর বাস্তবায়নে ভোক্তা-অধিকার বিরোধী কার্যক্রম প্রতিরোধ এবং অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ভোক্তার অধিকার সংরক্ষণ।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ জেলা / সার্কেল অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সচেতনতা বৃদ্ধি;
২. ভোক্তা-অধিকার বিরোধী কার্য প্রতিরোধ; এবং
৩. অভিযোগ নিষ্পত্তি।

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে সচেতনতামূলক সভা, সেমিনার ও ওয়ার্কসপ আয়োজনসহ অন্যান্য কার্যক্রম গ্রহণ;
২. বাজার তদারকির মাধ্যমে ভোক্তা-স্বার্থ সংরক্ষণ; এবং
৩. ভোক্তাদের অভিযোগ নিষ্পত্তি।

# সেকশন ২

## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা ২০২২-২৩ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৩-২০২৪ | ২০২৪-২০২৫ | | |
| ভোক্তা-অধিকার সংরক্ষণ | সচেতনতামূলক সভা অনুষ্ঠিত | সংখ্যা | ১৪ | ১১ | ১২ | ১২ | ১২ | | সামারি রিপোর্ট, সভার নোটিশ ও উপস্থিতির তালিকা |
| | বাজার তদারকি সম্পন্ন | সংখ্যা | ১৭০ | ৯৯ | ১৩০ | ১৩০ | ১৩০ | আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী | বাজার তদারকি সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি, পাক্ষিক প্রতিবেদন ও সামারি রিপোর্ট |
| | অভিযোগ নিষ্পত্তিকৃত | % | ৯০ | ৯০ | ৬০ | ৬৫ | ৭০ | | সামারি রিপোর্ট ও অভিযোগ নিষ্পত্তির রেজিস্টার |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩
## কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ | | | | | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সচেতনতা বৃদ্ধি; | ২৫ | [১.১] সচেতনতা বৃদ্ধির জন্য প্যাম্পলেট, লিফলেট বিতরণ | [১.১.১] প্যাম্ফলেট বিতরণকৃত | সমষ্টি | সংখ্যা | ৫ | ৩৩০০ | ৩৩০০ | ৩৩০০ | ৩০০০ | ২৮০০ | ২৬০০ | ২৪০০ | ৩৩০০ | ৩৩০০ |
| | | | [১.১.২] লিফলেট বিতরণকৃত | সমষ্টি | সংখ্যা | ৫ | ৪৮০০ | ৪৮০০ | ৪৮০০ | ৪৪০০ | ৪০০০ | ৩৭০০ | ৩৫০০ | ৪৮০০ | ৪৮০০ |
| | | [১.২] সেমিনার/ওয়ার্কসপ/ মতবিনিময় সভা | [১.২.১] সেমিনার/ওয়ার্কসপ/ মতবিনিময় সভা অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ৫ | ৬ | ১১ | ৬ | ৫ | ৪ | ৩ | ২ | ৬ | ৬ |
| | | [১.৩] সচেতনতামূলক সভা | [১.৩.১] সভা অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ৫ | ১৬ | ১১ | ১২ | ১১ | ১০ | ৯ | ৮ | ১২ | ১২ |
| | | [১.৪] জেলা ও উপজেলায় বিশ্ব ভোক্তা-অধিকার দিবস উদযাপন | [১.৪.১] দিবস উদযাপিত | সমষ্টি | সংখ্যা | ৫ | ৬ | ৬ | ৬ | ৫ | ৪ | ৩ | ২ | ৬ | ৬ |
| [২] ভোক্তা-অধিকার বিরোধী কার্য প্রতিরোধ; এবং | ২৫ | [২.১] বাজার তদারকি | [২.১.১] বাজার তদারকি সম্পন্ন | সমষ্টি | সংখ্যা | ২০ | ১৭০ | ৯৯ | ১৩০ | ১২০ | ১১০ | ১০০ | ৯০ | ১৩০ | ১৩০ |
| | | [২.২] জরিমানা আরোপ ও আদায় | [২.২.১] আরোপিত ও আদায়কৃত | সমষ্টি | পরিমান (লক্ষ টাকা) | ৫ | ২০.৩৮১৫ | ১১.৪৭২ | ২০ | ১৮ | ১৬ | ১৪ | ১২ | ২০ | ২০ |
| [৩] অভিযোগ নিষ্পত্তি। | ২০ | [৩.১] অভিযোগ নিষ্পত্তি | [৩.১.১] অভিযোগ নিষ্পত্তিকৃত | গড় | % | ২০ | ৯০ | ৯০ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | ৬৫ | ৭০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ | | | | | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সহকারী পরিচালক, ঝিনাইদহ জেলা কার্যালয়, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, উপপরিচালক, খুলনা বিভাগীয় কার্যালয়, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, উপপরিচালক, খুলনা বিভাগীয় কার্যালয়, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর হিসাবে সহকারী পরিচালক, ঝিনাইদহ জেলা কার্যালয়, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

.......................................................................

সহকারী পরিচালক
ঝিনাইদহ জেলা কার্যালয়, জাতীয় ভোক্তা-অধিকার
সংরক্ষণ অধিদপ্তর

.......................................................................

তারিখ

.......................................................................

উপপরিচালক
খুলনা বিভাগীয় কার্যালয়, জাতীয় ভোক্তা-অধিকার
সংরক্ষণ অধিদপ্তর

.......................................................................

তারিখ

## সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | DNCRP | Directorate of National Consumers’ Right Protection |
| ২ | NCCC | National Consumer Complain Centre |

# সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] সচেতনতা বৃদ্ধির জন্য প্যাম্পলেট, লিফলেট বিতরণ | [১.১.১] প্যাম্ফলেট বিতরণকৃত | জেলা কার্যালয় | সামারি রিপোর্ট এবং প্যাম্ফলেট বিতরণ রেজিষ্টার |
| | [১.১.২] লিফলেট বিতরণকৃত | জেলা কার্যালয় | সামারি রিপোর্ট এবং লিফলেট বিতরণ রেজিষ্টার |
| [১.২] সেমিনার/ওয়ার্কসপ/ মতবিনিময় সভা | [১.২.১] সেমিনার/ওয়ার্কসপ/ মতবিনিময় সভা অনুষ্ঠিত | জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসার এবং সহকারী পরিচালক | সামারি রিপোর্ট, বাজেট বরাদ্দের জিও এর কপি |
| [১.৩] সচেতনতামূলক সভা | [১.৩.১] সভা অনুষ্ঠিত | জেলা কার্যালয় | সামারি রিপোর্ট, সভার নোটিশ ও উপস্থিতি, সভার কার্যবিবরণী/রেকর্ড নোটস |
| [১.৪] জেলা ও উপজেলায় বিশ্ব ভোক্তা-অধিকার দিবস উদযাপন | [১.৪.১] দিবস উদযাপিত | জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসার এবং সহকারী পরিচালক | সামারি রিপোর্ট, বাজেট বরাদ্দের জিও এর কপি |
| [২.১] বাজার তদারকি | [২.১.১] বাজার তদারকি সম্পন্ন | জেলা কার্যালয় | বাজার তদারকি সংক্রান্ত সামারি রিপোর্ট |
| [২.২] জরিমানা আরোপ ও আদায় | [২.২.১] আরোপিত ও আদায়কৃত | জেলা কার্যালয় | সামারি রিপোর্ট এবং পাক্ষিক প্রতিবেদন |
| [৩.১] অভিযোগ নিষ্পত্তি | [৩.১.১] অভিযোগ নিষ্পত্তিকৃত | জেলা কার্যালয় | অভিযোগ সংক্রান্ত সামারি রিপোর্ট |

# সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| বাজার তদারকি | বাজার তদারকি সম্পন্ন | বাংলাদেশ পুলিশ | বাজার তদারকি কার্যক্রমে আইন শৃংখলা বজায় রাখা ও নিরাপত্তার জন্য পুলিশের সহায়তা গ্রহণ। পত্র যোগাযোগ এবং বাজার তদারকি টিমে নেতৃত্ব প্রদানকারী কর্মকর্তা কর্তৃক তদারকির পূর্বে সংশ্লিষ্ট অফিসের সাথে টেলিফোনে যোগাযোগের মাধ্যমে কার্যক্রম সমন্বয়। |
| বাজার তদারকি | বাজার তদারকি সম্পন্ন | মৎস্য অধিদপ্তর | কারিগরি জ্ঞানসম্পন্ন লোক বাজার তদারকি কার্যক্রম ফলপ্রসূ করতে সহায়ক হয়। পত্র যোগাযোগ এবং বাজার তদারকি টিমে নেতৃত্ব প্রদানকারী কর্মকর্তা কর্তৃক তদারকির পূর্বে সংশ্লিষ্ট অফিসের সাথে টেলিফোনে যোগাযোগের মাধ্যমে কার্যক্রম সমন্বয়। |
| বাজার তদারকি | বাজার তদারকি সম্পন্ন | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | কারিগরি জ্ঞানসম্পন্ন লোক বাজার তদারকি কার্যক্রম ফলপ্রসূ করতে সহায়ক হয়। পত্র যোগাযোগ এবং বাজার তদারকি টিমে নেতৃত্ব প্রদানকারী কর্মকর্তা কর্তৃক তদারকির পূর্বে সংশ্লিষ্ট অফিসের সাথে টেলিফোনে যোগাযোগের মাধ্যমে কার্যক্রম সমন্বয়। |
| বাজার তদারকি | বাজার তদারকি সম্পন্ন | কৃষি বিপণন অধিদপ্তর | কারিগরি জ্ঞানসম্পন্ন লোক বাজার তদারকি কার্যক্রম ফলপ্রসূ করতে সহায়ক হয়। পত্র যোগাযোগ এবং বাজার তদারকি টিমে নেতৃত্ব প্রদানকারী কর্মকর্তা কর্তৃক তদারকির পূর্বে সংশ্লিষ্ট অফিসের সাথে টেলিফোনে যোগাযোগের মাধ্যমে কার্যক্রম সমন্বয়। |
| বাজার তদারকি | বাজার তদারকি সম্পন্ন | ঝিনাইদহ সিভিল সার্জন অফিস | কারিগরি জ্ঞানসম্পন্ন লোক বাজার তদারকি কার্যক্রম ফলপ্রসূ করতে সহায়ক হয়। পত্র যোগাযোগ এবং বাজার তদারকি টিমে নেতৃত্ব প্রদানকারী কর্মকর্তা কর্তৃক তদারকির পূর্বে সংশ্লিষ্ট অফিসের সাথে টেলিফোনে যোগাযোগের মাধ্যমে কার্যক্রম সমন্বয়। |
| বাজার তদারকি | বাজার তদারকি সম্পন্ন | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ | কারিগরি জ্ঞানসম্পন্ন লোক বাজার তদারকি কার্যক্রম ফলপ্রসূ করতে সহায়ক হয়। পত্র যোগাযোগ এবং বাজার তদারকি টিমে নেতৃত্ব প্রদানকারী কর্মকর্তা কর্তৃক তদারকির পূর্বে সংশ্লিষ্ট অফিসের সাথে টেলিফোনে যোগাযোগের মাধ্যমে কার্যক্রম সমন্বয়। |
| বাজার তদারকি | বাজার তদারকি সম্পন্ন | পরিবেশ অধিদপ্তর | কারিগরি জ্ঞানসম্পন্ন লোক বাজার তদারকি কার্যক্রম ফলপ্রসূ করতে সহায়ক হয়। পত্র যোগাযোগ এবং বাজার তদারকি টিমে নেতৃত্ব প্রদানকারী কর্মকর্তা কর্তৃক তদারকির পূর্বে সংশ্লিষ্ট অফিসের সাথে টেলিফোনে যোগাযোগের মাধ্যমে কার্যক্রম সমন্বয়। |
| বাজার তদারকি | বাজার তদারকি সম্পন্ন | বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন | কারিগরি জ্ঞানসম্পন্ন লোক বাজার তদারকি কার্যক্রম ফলপ্রসূ করতে সহায়ক হয়। পত্র যোগাযোগ এবং বাজার তদারকি টিমে নেতৃত্ব প্রদানকারী কর্মকর্তা কর্তৃক তদারকির পূর্বে সংশ্লিষ্ট অফিসের সাথে টেলিফোনে যোগাযোগের মাধ্যমে কার্যক্রম সমন্বয়। |
| বাজার তদারকি | বাজার তদারকি সম্পন্ন | কনজুমার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব) | কারিগরি জ্ঞানসম্পন্ন লোক বাজার তদারকি কার্যক্রম ফলপ্রসূ করতে সহায়ক হয়। পত্র যোগাযোগ এবং বাজার তদারকি টিমে নেতৃত্ব প্রদানকারী কর্মকর্তা কর্তৃক তদারকির পূর্বে সংশ্লিষ্ট অফিসের সাথে টেলিফোনে যোগাযোগের মাধ্যমে কার্যক্রম সমন্বয়। |
| বাজার তদারকি | বাজার তদারকি সম্পন্ন | জেলা প্রাণিসম্পদ দপ্তর | কারিগরি জ্ঞানসম্পন্ন লোক বাজার তদারকি কার্যক্রম ফলপ্রসূ করতে সহায়ক হয়। পত্র যোগাযোগ এবং বাজার তদারকি টিমে নেতৃত্ব প্রদানকারী কর্মকর্তা কর্তৃক তদারকির পূর্বে সংশ্লিষ্ট অফিসের সাথে টেলিফোনে যোগাযোগের মাধ্যমে কার্যক্রম সমন্বয়। |
| বাজার তদারকি | বাজার তদারকি সম্পন্ন | বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর) | কারিগরি জ্ঞানসম্পন্ন লোক বাজার তদারকি কার্যক্রম ফলপ্রসূ করতে সহায়ক হয়। পত্র যোগাযোগ এবং বাজার তদারকি টিমে নেতৃত্ব প্রদানকারী কর্মকর্তা কর্তৃক তদারকির পূর্বে সংশ্লিষ্ট অফিসের সাথে টেলিফোনে যোগাযোগের মাধ্যমে কার্যক্রম সমন্বয়। |

## সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ